



বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়
টাঙ্গাইল।
www.ces.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

স্মারক নং- নং-১৭.০৯.৯৩০০.০০০.৪০.১৯৬.২৪-১২৪

তারিখ : ০৪ চৈত্র ১৪৩০
১৮ মার্চ ২০২৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা টাঙ্গাইল জেলার ১২ টি (মধুপুর, ধনবাড়ী, গোপালপুর, ভূয়াপুর, ঘাটাইল, কালিহাতি, টাঙ্গাইল সদর, দেলদুয়ার, নাগরপুর, মির্জাপুর, বাসাইল, সখিপুর) উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য “স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা নীতিমালা” অনুসারে মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা মোতাবেক জেলা ভোটকেন্দ্র কমিটির সুপারিশক্রমে আসন্ন ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে খসড়া ভোটকেন্দ্রের তালিকা ১৮ মার্চ ২০২৪ তারিখ প্রকাশ করা হলো। প্রকাশিত খসড়া ভোটকেন্দ্র তালিকার উপর দাবী/আপত্তিসমূহ নিম্নলিখিত তারিখ অনুসারে নিষ্পত্তি করা হবে।

ক্র: নং	বিষয়	নির্ধারিত সময়সীমা
১	খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর দাবী/ আপত্তি গ্রহণের শেষ তারিখঃ	২১ মার্চ ২০২৪
২	প্রাপ্ত দাবী/আপত্তি নিষ্পত্তির শেষ তারিখঃ	২৪ মার্চ ২০২৪
৩	প্রাথমিক ভোটকেন্দ্রের তালিকা প্রস্তুতকরণ/প্রকাশ/চূড়ান্তকরণঃ	২৫ মার্চ ২০২৪

২। প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকা সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় টাঙ্গাইল, সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয় এবং সকল পৌরসভা/ইউনিয়ন পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ডে অফিস চলাকালীন দেখা যাবে।

৩। খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর কোন দাবী/আপত্তি থাকলে তা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, টাঙ্গাইল) ও আওতাধীন ১২ (বার) টি উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে ২১ মার্চ ২০২৪ তারিখ পর্যন্ত যথাযথ তথ্যাবলীসহ আবেদনপত্র দাখিল করা যাবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/নির্ধারিত সময়ের পরে কোন প্রকার দাবী/আপত্তি গ্রহণযোগ্য হবে না। দাখিলকৃত আবেদনের উপর শুনানীর তারিখ পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।


মোহাম্মদ মজিবুর রহমান

সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা
টাঙ্গাইল।


ফোন : ০২-৯৯৭৭১৪১৫১

স্মারক নং- নং-১৭.০৯.৯৩০০.০০০.৪০.১৯৬.২৪-১২৪

তারিখ : ০৪ চৈত্র ১৪৩০
১৮ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল ও আহবায়ক, জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৫। পুলিশ সুপার, টাঙ্গাইল।
- ৬। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৮। সিনিয়র জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল। (তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ৯। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), টাঙ্গাইল।
- ১০। উপজেলা নির্বাচন অফিসার..... (সকল), টাঙ্গাইল। (তাকে নিজ অধিক্ষেত্র-সকল পৌরসভা/ইউনিয়ন পরিষদে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক..... (সকল), টাঙ্গাইল।
- ১২। নোটিশ বোর্ড।
- ১৩। অফিস কপি।


সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা
টাঙ্গাইল।